



তারিখ : ০৯.০১.২০১৮

শোক সংবাদ

সাবেক সচিব ও মন্ত্রী মতিউর রহমান-এর মৃত্যুতে এন.ইউ'র ভিসির শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সলিমুল্লাহ মুসলিম হলের সাবেক ভিপি, সচিব, রাষ্ট্রদূত ও বাংলাদেশ সরকারের সাবেক যোগাযোগ মন্ত্রী জনাব এম মতিউর রহমান আজ ভোররাতে (০৯.০১.২০১৮) ঢাকার এ্যাপোলো হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৫ বছর। তাঁর মৃত্যুতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেন “তিনি তাঁর সুযোগ্য কর্মময় জীবনে অগণিত মানুষের জন্য চাকুরির ব্যবস্থা, কলেজসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা, নিজ খরচে অসচ্ছল পরিবারের সন্তানদের লেখাপড়ার ব্যবস্থা এবং দেশের সার্বিক উন্নয়নে যে অসাধারণ ভূমিকা রেখে গেছেন তার মাধ্যমে তিনি দীর্ঘদিন মানুষের হৃদয়ে বেঁচে থাকবেন”।

মতিউর রহমানের মৃত্যুতে মাননীয় উপাচার্য গভীর শোক প্রকাশ করেন এবং তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামানা করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান।

(মোঃ ফয়জুল করিম)
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর
জাতীয় বিশ্ববিদ্যালয়